

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১০৬

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮

০৯ মার্চ ২০২২

বিষয়: আদালত অবমাননা সংক্রান্ত নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন, ঢাকা এর ১৬/০৪/২০১৯ তারিখের ০৪.০১.০০০০.৫০৩.২৬১৬৮.১৮-১৪৮৩৫ নং স্মারকে জনাব মো: শহিদুল ইসলাম হিরণ, সভাপতি, মধুপুর মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহ এবং অন্যান্যদের বিরুদ্ধে গৃহীত বিভাগীয় কার্যক্রম গ্রহণ করে কমিশনকে অবহিত করার জন্য এ বিভাগে পত্র প্রেরণ করেন। সে লক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ অনুযায়ী ঝিনাইদহ জেলার মধুপুর মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব বদিউজ্জামান এর এম.পি.ও বন্ধ করার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে পত্র দেয়া হয়।

জনাব বদিউজ্জামান, প্রধান শিক্ষক, মধুপুর মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহ শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/০৬/২০১৯খি. তারিখের পত্রকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৯৩১০/২০২০ দায়ের করেন।

জনাব বদিউজ্জামান, প্রধান শিক্ষক, মধুপুর মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহ কর্তৃক দায়েরকৃত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯৩১০/২০২০ এর গত ০৮/০২/২০১১ খি: তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল (CMP/CP) দায়েরসহ হাইকোর্ট বিভাগের আদেশে Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০. ১১১.৩৩. ০০৪. ২০২১-১৬২/৩; ১৫/০৩/২০২১খি. তারিখে বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, অ্যাটর্নী জেনারেল অফিস ও সলিসিটর ভবন, সুপ্রীম কোর্ট, ঢাকা-কে পত্র দেন। এছাড়াও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ডাটা বেইস-এ মামলার সর্বশেষ অবস্থায় দেখা যায় অন্তর্বর্তীকালীন আদেশ ভ্যাকেট করার জন্য প্রস্তাব দেয়া হয়েছে এবং এর জবাবও দেয়া হয় মর্মে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, জনাব বদিউজ্জামান, প্রধান শিক্ষক, মধুপুর মাধ্যমিক বিদ্যালয়, ঝিনাইদহ কর্তৃক দায়েরকৃত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯৩১০/২০২০ এর বিষয়ে সর্বশেষ কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেই সাথে ব্যারিস্টার মোঃ তৌফিক ইনাম হতে প্রাপ্ত আদালত অবমাননা সংক্রান্ত নোটিশের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯-৩-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯


মহাপরিচালক

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.১০৬/১(৪)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮
০৯ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৯-৩-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব